# ইউনিলিভার ও কেওক্রাডং বাংলাদেশ'র উদ্যোগে সেন্টমার্টিন দ্বীপে 'কোস্টাল ক্লিনআপ'

নিউজ ডেস্ক

০৭:৩৫ পিএম | ২৩ ডিসেম্বর, ২০২৪ | ৮ পৌষ ১৪৩১ | ২০ জমাদিউস সানি ১৪৪৬

11
Shares

আ + আ –




ছবি: সংগৃহীত

বার্তা২৪ • জাতীয়

ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড (ইউবিএল) এবং

বেশি স্বেচ্ছাসেবী অংশ নিয়ে ১,৫০০ কেজির অধিক পরিমান সামুদ্রিক বর্জ্য দ্বীপটির সৈকত থেকে সংগ্রহ করেন, যা পরবর্তীতে মূল ভূখন্ডে নিরাপদে নিষ্পত্তি করা হয়েছে। সংগৃহীত সামুদ্রিক বর্জ্যের মধ্যে উল্লেখযোগ্য ছিল- প্লাস্টিকের খাদ্যপণ্যের মোড়ক, প্লাস্টিকের বোতল, বোতলের ক্যাপ, প্লাস্টিকের ব্যাগ ইত্যাদি।

যুক্তরাষ্ট্রভিত্তিক অলাভজনক সংস্থা 'ওশান কনজারভেন্সি' এর বাংলদেশের সমন্বয়ক প্রতিষ্ঠান কেবি বিগত ১৩ বছর ধরে সেন্ট মার্টিন দ্বীপে সমুদ্র সৈকত পরিচ্ছন্নতার কাজ করে আসছে। সংস্থাটি সেন্ট মার্টিন দ্বীপ ছাড়াও কক্সবাজার-টেকনাফ উপদ্বীপ অঞ্চলেও বিগত বছরগুলোতে পরিচ্ছন্নতা কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে। এই উদ্যোগের মাধ্যমে সামুদ্রিক বর্জ্য সম্পর্কে বৈশ্বিক পর্যালোচনা ও তথ্য-উপাত্ত বিশ্লেষণে ভূমিকা রাখছে প্রতিষ্ঠানটি। এ বছর সেন্ট মার্টিন দ্বীপে সমুদ্র সৈকত পরিচ্ছন্নতা কর্মসূচির সঙ্গে ইউনিলিভার সম্পৃক্ত হওয়ায় ক্যাম্পেইনটি নতুন মাত্রা লাভ করেছে। ইতোপূর্বে এ উদ্যোগে ৫ হাজার ৭ শ' স্বেচ্ছাসেবী সম্পৃক্ত হয়েছেন এবং তারা এ দ্বীপটি থেকে ২৮ হাজার ৫ শ' কেজির বেশি বর্জ্য সংগ্রহ করেন।

ইউনিলিভার বাংলাদেশ লিমিটেডের কর্পোরেট অ্যাফেয়ার্স, পার্টনারশিপস অ্যান্ড কমিউনিকেশন্স ডিরেক্টর শামিমা আক্তার বলেন, "২০২০ সাল থেকে ইউনিলিভার বাংলাদেশ প্লাস্টিকের টেকসই ব্যবস্থাপনায় অঙ্গীকারবদ্ধ হয়ে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। ২০২২ সাল থেকে বাংলাদেশে আমাদের যত পরিমাণ প্লাস্টিকে মোড়কজাত পণ্য বিক্রি হয়েছে, তারচেয়ে বেশি প্লাস্টিক সংগ্রহ ও প্রক্রিয়াজাত করছি। তবে আমরা জানি, প্লাস্টিক বর্জ্য দূষণ এমন একটি সমস্যা যা একা সমাধান করা সম্ভব নয়। এজন্য আমাদের প্রয়োজন যৌথ উদ্যোগ, যা পরিবেশের ক্ষতিকর প্রভাব কমাতে এবং সেন্ট মার্টিনের মতো ঝুঁকিপূর্ণ পরিবেশ সংরক্ষণে সহায়ক হবে। এ বছর

কেওক্রাডং বাংলাদেশকে সঙ্গে নিয়ে সেন্ট মার্টিন সমুদ্র উপকূল পরিচ্ছন্নতা কর্মসূচি পরিচালিত হয়েছে, যেখানে তরুণ স্বেচ্ছাসেবক ও স্থানীয় জনগণকে যুক্ত করা হয়। এর মাধ্যমে সবার মধ্যে দায়িত্ববোধ তৈরির পাশাপাশি আমাদের পরিবেশ রক্ষার প্রতিশ্রুতিকে গুরুত্বের সঙ্গে তুলে ধরা হয়েছে।”

'ওশান কনজারভেন্সি' এর ইন্টারন্যাশনাল কোস্টাল ক্লিনআপ এর কান্ট্রি কো-অর্ডিনেটর মুনতাসির মামুন বলেন, “এটি একটি দারুণ বিষয় যে বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে বড় ডেল্টা এবং এখানে বিভিন্ন জায়গায় অসাধারণ কিছু সমুদ্র সৈকত রয়েছে। সেন্ট মার্টিন দেশের অন্যতম একটি গুরুত্বপূর্ণ সম্পদ। তবে, নানা আর্থ-সামাজিক চ্যালেঞ্জ এই সুন্দর দ্বীপ এবং সৈকতের প্রাকৃতিক ভারসাম্যকে প্রতিনিয়ত হুমকির মুখে ফেলছে। আমরা বিশ্বাস করি ইউনিলিভারের পরিবেশবান্ধব উদ্যোগ নতুন উচ্চতায় পৌঁছাবে এবং আমাদের এই অংশীদারিত্ব অন্যদেরও বাংলাদেশে ভালো কিছু করার জন্য অনুপ্রাণিত করবে।”

বিজ্ঞাপন

বাংলাদেশের সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস (এসডিজি) বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের যাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে ইউনিলিভার বাংলাদেশ। বাংলাদেশের পরিবেশের জন্য প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা একটি স্পর্শকাতর চ্যালেঞ্জ হওয়ায় ইউবিএল ভবিষ্যতেও কার্যকরী অংশীদারিত্বমূলক উদ্যোগ গ্রহণ অব্যাহত রাখবে।

বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার ভ্যালু চেইনে অগ্রগামী প্রতিষ্ঠানগুলোর মধ্যে একটি হিসেবে ইউনিলিভার বাংলাদেশ দেশব্যাপী প্লাস্টিক বর্জ্য কমানোর জন্য গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করেছে। প্রতিষ্ঠানটি চট্টগ্রামে দেশের সবচেয়ে বড় প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প পরিচালনা করছে এবং নতুন প্লাস্টিকের ব্যবহার

কমানো এবং পুনরায় ব্যবহারযোগ্য সমাধান তৈরির জন্য উদ্ভাবন চালিয়ে যাচ্ছে। এর পাশাপাশি, ইউনিলিভার দেশজুড়ে ভোক্তাদের মধ্যে সচেতনতা বাড়ানোর জন্য কাজ করছে।

11
Shares

## এই বিভাগের সর্বশেষ

মেঘনায় জাহাজে ৭ খুন: কাগজে লিখে পরিচয় দেন বেঁচে যাওয়া ব্যক্তি

বগুড়ায় আলোচিত শ্রমিক লীগ নেতা তুফান সরকার গ্রেফতার

মেঘনায় জাহাজে ৭ খুন: দুজন ফরিদপুরের মামা-ভাগনে

আজও দিল্লিতে ভয়াবহ বায়ুদূষণ, ঢাকার বাতাসও ‘খুব অস্বাস্থ্যকর’

রাজধানীতে মাদকবিরোধী অভিযান, গ্রেফতার ১৭

## English





UP Chairman A. Rahman arrested in Rajbari

Official launching of 'Jehanabad Express' train on Khulna-Dhaka route

3 years of Sugandha tragedy: Memories of losing loved ones still afresh

11 bodies recovered in Chandpur in 12 hours, panic in the public

# মেঘনায় জাহাজে ৭ খুন: কাগজে লিখে পরিচয় দেন বেঁচে যাওয়া ব্যক্তি

মো. হোসেন বেপারী, ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট, বার্তা২৪.কম, চাঁদপুর

১১:১৯ এএম | ২৪ ডিসেম্বর, ২০২৪ | ৯ পৌষ ১৪৩১ | ২১ জমাদিউস সানি ১৪৪৬

2
Shares

আ + আ −




ছবি: বার্তা ২৪

বার্তা২৪ • জাতীয়

চাঁদপুরের মেঘনা নদীতে পণ্যবাহী জাহাজে ৭ জনকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় গুরুত্বর আহত অবস্থায় জুয়েল নামের ১ জনকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে।

নিহতরা হলো- মাষ্টার কিবরিয়া, ইঞ্জিন চালক সালাউদ্দিন, সুকানি আমিনুল মুন্সি, গ্রিজার সজিবুল, আজিজুল ও মাজেদুল। তারা সবাই নড়াইল ও ফরিদপুর জেলার বাসিন্দা।

সোমবার (২৩ ডিসেম্বর) বেলা ১টার দিয়ে হত্যাকাণ্ডের খবর পায় পুলিশ।

পরে ঘটনাস্থলে পৌঁছে নিহত ও আহতদের উদ্ধার করে নৌ-পুলিশ ও কোস্টগার্ড। পুলিশ ঘটনাস্থল থেকে পাঁচজনের মরদেহ উদ্ধার করে ও তিনজনকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে পাঠায়। সেখানে মারা যায় আরও দুইজন। বেঁচে থাকে জাহাজে থাকা জুয়েল। তবে তার গলার আংশিক অংশ কাটা থাকায় কথা বলতে পারছেন না। কথা বলতে না পারলেও কাগজে লিখে দেন তার নাম জুয়েল।

খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন জেলা প্রশাসক মহসীন উদ্দিন। তিনি গণমাধ্যমকে জানান, পুলিশ সময় নিয়ে এই ঘটনার তদন্ত করবে।

ঘটনার পরই শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে ৪ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবকে আহ্বায়ক ও যুগ্ম সচিবকে সদস্য সচিব করা হয়েছে। কমিটিকে ক্ষয়ক্ষতির পরিমাণ ও দায় এবং ভবিষ্যতে এ ধরনের নৌ দুর্ঘটনা রোধে করণীয় নির্ধারণ করে সুস্পষ্ট সুপারিশসহ আগামী ৫ কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।

এ ঘটনায় এখনও কোনো মামলা হয়নি। তবে প্রস্তুতি চলছে বলে জানান নৌ-পুলিশ।

2
Shares

;

বগুড়ায় আলোচিত শ্রমিক লীগ নেতা তুফান সরকার



পঞ্চগড়ে বইছে মৃদু শৈত্যপ্রবাহ, তাপমাত্রা ৯ ডিগ্রিতে
জাতীয়



বিএসটিআই এর অনুমোদন বিহীন লোগো ব্যবহার করায় কারাদণ্ড
জাতীয়



রাজবাড়ীতে ইউপি চেয়ারম্যান আ. রহমান গ্রেফতার
জাতীয়



খুলনা-ঢাকা রুটে 'জাহানাবাদ এক্সপ্রেস' ট্রেনের..
জাতীয়



সুগন্ধা ট্রাজেডির ৩ বছর: এখনো দগদগে প্রিয়জন হারানোর..
জাতীয়

# গ্রেফতার



রাজবাড়ীতে বিদেশী অস্ত্রসহ একজন গ্রেফতার
জাতীয়

**স্টাফ করেসপন্ডেন্ট, বার্তা ২৪.কম,বগুড়া**

১১:০৯ এএম | ২৪ ডিসেম্বর, ২০২৪ | ৯ পৌষ ১৪৩১ | ২১ জমাদিউস সানি ১৪৪৬

আ + আ −




ছবি: বার্তা ২৪

বার্তা২৪ • জাতীয়

বগুড়ায় আলোচিত শ্রমিক লীগ নেতা তুফান সরকারকে গ্রেফতার করেছে জেলা পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)। সোমবার দিবাগত রাতে বগুড়া শহরের চকসূত্রাপুর কসাইপাড়ার বাড়ি থেকে তাকে গ্রেফতার করা

হয়।

মঙ্গলবার (২৪ ডিসেম্বর) সকালে এসব তথ্য নিশ্চিত করেছেন ডিবির পুলিশ পরিদর্শক ইকবাল বাহার।

গ্রেফতার শ্রমিক লীগ নেতা তুফান সরকার বগুড়া শহরের চকসূত্রাপুর কসাইপাড়ার মজিবর রহমানের ছেলে। তিনি বগুড়া শহরের আলোচিত যুবলীগ নেতা, সাবেক পৌর কাউন্সিলর আবদুল মতিন সরকারের ভাই।

তুফান সরকার শহর শ্রমিক লীগের আহ্বায়ক ছিলেন। তার বিরুদ্ধে হত্যা, ধর্ষণ, নারী নির্যাতনসহ ১৪টি মামলা রয়েছে। ছাত্রী ধর্ষণ মামলায় ২০১৭ সালে গ্রেফতার হয়েছিলেন তুফান। গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের পর একাধিক হত্যা মামলায় আসামি হওয়ায় তিনি আত্মগোপনে ছিলেন।

পুলিশ পরিদর্শক ইকবাল বাহার জানান, ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর তার বিরুদ্ধে হত্যাসহ বিভিন্ন আইনে ১৪টি মামলা রয়েছে। এছাড়াও তুফান সরকার দুদকের একটি মামলায় ১৩ বছরের সাজাপ্রাপ্ত আসামি।

তিনি আরও জানান, গ্রেফতার তুফান সরকারকে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।



পঞ্চগড়ে বইছে মৃদু শৈত্যপ্রবাহ, তাপমাত্রা ৯ ডিগ্রিতে

জাতীয়



বিএসটিআই এর অনুমোদন বিহীন লোগো ব্যবহার করায় কারাদণ্ড

জাতীয়



রাজবাড়ীতে ইউপি চেয়ারম্যান আ. রহমান গ্রেফতার

জাতীয়



খুলনা-ঢাকা রুটে 'জাহানাবাদ এক্সপ্রেস' ট্রেনের..

জাতীয়



সুগন্ধা ট্রাজেডির ৩ বছর: এখনো দগদগে প্রিয়জন হারানোর..

জাতীয়



রাজবাড়ীতে বিদেশী অস্ত্রসহ একজন গ্রেফতার

জাতীয়

;

# মেঘনায় জাহাজে ৭ খুন: দুজন ফরিদপুরের মামা-ভাগনে

ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট, বার্তা২৪.কম, চাঁদপুর
১০:৫৫ এএম | ২৪ ডিসেম্বর, ২০২৪ | ৯ পৌষ ১৪৩১ | ২১ জমাদিউস সানি ১৪৪৬

4
Shares

আ + আ –




ছবি: বার্তা ২৪

বার্তা২৪ • জাতীয়

চাঁদপুরের মেঘনা নদীতে মালবাহী জাহাজে হত্যার শিকার ৭ জনের মধ্যে দুইজনই মামা-ভাগনে। তাদের মধ্যে একজন জাহাজের মাস্টার গোলাম কিবরিয়া। নিহতদের মধ্যে গোলাম কিবরিয়ার ভাগনে শেখ সবুজ। একই পরিবারের দুজনের এমন মর্মান্তিক মৃত্যুতে শোকস্তব্ধ

স্বজনেরা।

জাহাজের মাস্টার গোলাম কিবরিয়ার বাড়ি ফরিদপুর জেলার কোতয়ালী থানায়। নতুন বছরের ৩ জানুয়ারি বাড়িতে যাওয়ার কথা ছিল তার। ১০ জানুয়ারি ছোট মেয়ের বিয়ে। কিন্তু নির্মম হত্যার শিকার হলেন তিনি। মেয়ের বিয়ে দেখে যাওয়া হলো না তার।

সোমবার (২৩ ডিসেম্বর) দুপুরে মেঘনা নদীতে মালবাহী জাহাজ থেকে সাতজনের মরদেহ উদ্ধার করে নৌ পুলিশ। এদিন রাতে খবর পেয়ে চাঁদপুর সদর জেনারেল হাসপাতালে আসেন নিহতদের স্বজনেরা।

হাসপাতালে কথা হয় শেখ সবুজের ভাই ফারুক হোসেনের সঙ্গে। তিনি বলেন, নিহত সাতজনের মধ্যে মামা গোলাম কিবরিয়া ও আমার ভাই শেখ সবুজ আছে। মামা ৩০ বছর ধরে জাহাজের চাকরি করলেও ভাই সবুজ মাত্র দেড় মাস আগে যোগ দেয়। মেয়ের বিয়ে নিয়ে রোববার রাতে মামার সাথে শেষ কথা হয়েছিল। জানুয়ারিতে মেয়ের বিয়ের জন্য বাড়ি আসার কথা ছিল মামার।

চাঁদপুর সদর হাসপাতাল চত্বরে বারবার কান্নায় ভেঙে পড়েন ঢাকার মিরপুরের রিকশাচালক আনিসুল। তার তিন ছেলে ও এক মেয়ের মধ্যে ছোট ছেলে মাজেদুল (১৬)। সবেমাত্র জেএসসি পরীক্ষা দিয়ে জাহাজে চাকরি নেয়। মাত্র ১৬ দিন আগে সে বাড়ি থেকে আসে। তার গ্রামের বাড়ি মাগুরা জেলার মোহাম্মদপুরে। একই জেলার পলাশবাড়ী গ্রামের সজিবুল ইসলামও (২৯) নিহত হয়েছেন। তিনি এই জাহাজের গ্রিজারম্যান হিসেবে কর্মরত ছিলেন।

4
Shares

;



পঞ্চগড়ে বইছে মৃদু শৈত্যপ্রবাহ, তাপমাত্রা ৯ ডিগ্রিতে

জাতীয়



বিএসটিআই এর অনুমোদন বিহীন লোগো ব্যবহার করায় কারাদণ্ড

জাতীয়



রাজবাড়ীতে ইউপি চেয়ারম্যান আ. রহমান গ্রেফতার

জাতীয়



খুলনা-ঢাকা রুটে ‘জাহানাবাদ এক্সপ্রেস’ ট্রেনের..

জাতীয়



সুগন্ধা ট্রাজেডির ৩ বছর: এখনো দগদগে প্রিয়জন হারানোর..

জাতীয়

# আজও দিল্লিতে ভয়াবহ বায়ুদূষণ, ঢাকার বাতাসও



রাজবাড়ীতে বিদেশী অস্ত্রসহ একজন গ্রেফতার
জাতীয়

# 'খুব অস্বাস্থ্যকর'

নিউজ ডেস্ক, বার্তা২৪.কম, ঢাকা

১০:১৭ এএম | ২৪ ডিসেম্বর, ২০২৪ | ৯ পৌষ ১৪৩১ | ২১ জমাদিউস সানি ১৪৪৬

6
Shares

আ + আ –



ছবি: সংগৃহীত

বার্তা২৪ • জাতীয়

নানা কারণে বিশ্বের বিভিন্ন শহরে দিন দিন বাড়ছে বায়ুদূষণ। দীর্ঘদিন ধরে মেগাসিটি ঢাকাও বায়ুদূষণের

কবলে। বেশ কিছুদিন ধরেই বিশ্বের দূষিত শহরগুলোর তালিকায় উপরের দিকেই রয়েছে রাজধানী ঢাকা।

মঙ্গলবার (২৪ ডিসেম্বর) সকালে বিশ্বের দূষিত শহরের তালিকায় তৃতীয় অবস্থানে রয়েছে রাজধানী ঢাকা। সকাল ১০টার দিকে আন্তর্জাতিক বায়ুমান প্রযুক্তি প্রতিষ্ঠান আইকিউএয়ারের তথ্যানুযায়ী, শহরটির স্কোর ২৩২, যা জনস্বাস্থ্যের জন্য ‘খুব অস্বাস্থ্যকর’ হিসেবে বিবেচিত হয়।

একই সময়ে বিশ্বের দূষিত শহরের তালিকায় ২৯১ স্কোর নিয়ে শীর্ষে রয়েছে ভারতের দিল্লি শহর এবং ২৬৭ স্কোর নিয়ে দ্বিতীয় অবস্থানে রয়েছে ইরাকের বাগদাদ। তৃতীয় অবস্থানে রাজধানী ঢাকা যার স্কোর ২৩২। এ ছাড়াও ২৩০ স্কোর নিয়ে চতুর্থ অবস্থানে রয়েছে ঘানার আক্রা এবং পঞ্চম অবস্থানে থাকা পাকিস্তানের করাচি শহর, যার স্কোর ২২০।

একিউআই স্কোর শূন্য থেকে ৫০ ভালো হিসেবে বিবেচিত হয়। ৫১ থেকে ১০০ মাঝারি হিসেবে গণ্য করা হয়, আর সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর বিবেচিত হয় ১০১ থেকে ১৫০ স্কোর। স্কোর ১৫১ থেকে ২০০ হলে তাকে ‘অস্বাস্থ্যকর’ বায়ু বলে মনে করা হয়।

২০১ থেকে ৩০০-এর মধ্যে থাকা একিউআই স্কোরকে ‘খুব অস্বাস্থ্যকর’ বলা হয়। এ অবস্থায় শিশু, প্রবীণ এবং অসুস্থ রোগীদের বাড়ির ভেতরে এবং অন্যদের বাড়ির বাইরের কার্যক্রম সীমাবদ্ধ রাখার পরামর্শ দেয়া হয়ে থাকে। এ ছাড়া ৩০১ থেকে ৪০০-এর মধ্যে থাকা একিউআই ‘ঝুঁকিপূর্ণ’ বলে বিবেচিত হয়, যা নগরের বাসিন্দাদের জন্য গুরুতর স্বাস্থ্যঝুঁকি তৈরি করে।

বায়ুদূষণ গুরুতর স্বাস্থ্যঝুঁকি তৈরি করে থাকে। এটা সব বয়সি মানুষের জন্য ক্ষতিকর। তবে শিশু, অসুস্থ ব্যক্তি, প্রবীণ ও অন্তঃসত্ত্বাদের জন্য বায়ুদূষণ খুবই ক্ষতিকর।

6
Shares



পঞ্চগড়ে বইছে মৃদু শৈত্যপ্রবাহ, তাপমাত্রা ৯ ডিগ্রিতে

জাতীয়



বিএসটিআই এর অনুমোদন বিহীন লোগো ব্যবহার করায় কারাদণ্ড

জাতীয়



রাজবাড়ীতে ইউপি চেয়ারম্যান আ. রহমান গ্রেফতার

জাতীয়



খুলনা-ঢাকা রুটে 'জাহানাবাদ এক্সপ্রেস' ট্রেনের..

জাতীয়



সুগন্ধা ট্রাজেডির ৩ বছর: এখনো দগদগে প্রিয়জন হারানোর..

জাতীয়



রাজবাড়ীতে বিদেশী অস্ত্রসহ একজন গ্রেফতার

জাতীয়

;

Barta24 বাংলার, বাঙালির সংবাদ সারথি

বার্তা২৪

Barta24.com is a digital news outlet

১১৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, লেভেল ১২, বাংলামোটর
ঢাকা ১০০০, বাংলাদেশ।

## নিউজরুম

+৮৮০ ১৭৩ ০৭১ ৭০২৫
+৮৮০ ১৭৩ ০৭১ ৭০২৬
+৮৮০ ৯৬১ ৩৩২ ২৭৮২

newsdesk@barta24.com

**মার্কেটিং ও সেলস**

+৮৮০ ১৭১ ৩৪২ ৩৩২২
marketing@barta24.com

মোবাইল অ্যাপস ডাউনলোড করুন

© বার্তা২৪.কম সকল অধিকার সংরক্ষিত ২০২৪।